| ৪. | জনাব মোঃ আশরাফুল আলম, অফিস সহকারী কাম-মুদ্রাক্ষরিক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। | [signature] |
| ৫. | জনাব মোঃ সবুজ মিয়া, অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা | [signature] |
| ৬. | জনাব মোঃ শহিদুল ইসলাম মোল্লা,উপ সহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা (খামার শাখা)প্রাণিসম্পদ অধিদপ্তর, | [signature] |
| ৭. | জনাব মোঃ মনির হোসেন, সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর, বাজেট শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা | [signature] |
| ৮. | জনাব রেহানা খানম, হিসাব রক্ষণ কাম-কাশিয়ার, প্রশাসন শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা | [signature] |
| ৯. | জনাব এ.টি.এম গোলাম কিবরিয়া, সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। | [signature] |
| ১০. | জনাব মোঃ আমিনুল ইসলাম, স্টেনোটাইপিষ্ট, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। | [signature] |
| ১১. | জনাব মোঃ আবদুর রাজ্জাক সরদার, হিসাব রক্ষক-ক্যাশিয়ার,প্রশাসন শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। | [signature] |
| ১২. | জনাব ফারুক আহম্মদ ফরাজী, সাটলিপিকার কাম কম্পিউটার অপারেটর, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। | [signature] |
| ১৩. | জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন, উচ্চমান সহকারী, বাজেট শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। | [signature] |
| ১৪. | জনাব দিলারা খানম, উচ্চমান সহকারী, পরিকল্পনা শাখা প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। | [signature] |
| ১৫. | জনাব জুয়েল সাহা, কম্পিউটার অপারেটর, প্রশাসন শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। | [signature] |
| ১৬. | জনাব মোঃ ওয়াসিম আকরাম, অফিস সহকারী কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক প্রশাসন শাখা, ডিএলএস | [signature] |
| ১৭. | জনাব দ্বীন ইসলাম,অফিস সহকারী কাম-মুদ্রাক্ষরিক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। | [signature] |
| ১৮. | জনাব মোঃ সেলিম, অফিস সহকারী কাম-মুদ্রাক্ষরিক, পরিচালক,উৎপাদন এর দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। | [signature] |
| ১৯. | জনাব লুৎফর রহমান ভুইয়া,রেফ্রিজারেটর মেকানিক,বাজেট শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। | [signature] |
| ২০. | জনাব মনিরুল হাফিজ, ইলেকট্রিশিয়ান, বাজেট শাখা,ডিএলএস, ঢাকা। | [signature] |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।

স্মারক নং- ৩৩.০১.০০০০.১০১.১৬.৯০৪.২২-৮৩৩ তারিখ ঃ- ০৩/০৪/২০২৩ খ্রিঃ
২০/১২/১৪২৯ বঃ

**"অফিস আদেশ"**

প্রাণিসম্পদ অধিদপ্তরের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) আওতাধীন জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার প্রাতিষ্ঠানিক ব্যবস্থার আওতায় কর্ম-পরিবেশ উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে অধিদপ্তরের ভবন-১ এর ৩য় তলার পশ্চিম পার্শ্বে মহিলাদের জন্য একটি পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা হয়েছে।

০৩/০৪/২০২৩

ডাঃ মোঃ মাহবুবুল আলম ভূঁঞা
উপপরিচালক (চলতি দায়িত্ব), প্রশাসন
পক্ষে- মহাপরিচালক
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ-

১) পরিচালক, প্রশাসন/সম্প্রসারণ/ উৎপাদন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
২) পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা।
৩) পরিচালক, হিসাব, বাজেট ও নিরীক্ষা শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৪) পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৫) পরিচালক, পরিকল্পনা শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৬) উপপরিচালক, প্রাণিস্বাস্থ্য শাখা/ খামার/ মানব সম্পদ উন্নয়ন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৭) সহকারী পরিচালক, প্রাণিক্রয় ও উন্নয়ন শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৮) চীফ, পরিকল্পনা ও মূল্যায়ন কোষ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৯) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
১০) অফিস কপি।


টয়লেট
মহিলা টয়লেট
দয়া করে জুতা খুলে
প্রবেশ করুন

4th quarter NIS DLS
1.6

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dls.gov.bd

স্মারক নম্বরঃ ৩৩.০১.০০০০.১০১.১৬.৯০৪.২২.৮৮০

তারিখ ঃ ০৯/০৪/২০২৩ খ্রিঃ
২৬/১২/১৪২৯ বঃ

**সভার নোটিশ**

**বিষয়ঃ ২০২২-২৩ অর্থবছরের প্রাণিসম্পদ অধিদপ্তরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ সংক্রান্ত ৩য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান সংক্রান্ত সভার আয়োজন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদ অধিদপ্তরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ সংক্রান্ত ৩য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান সংক্রান্ত সভা নিম্নস্বাক্ষরকারীর সভাপতিত্বে আগামী ১৬/০৪/২০২৩ খ্রিঃ তারিখ রবিবার বিকাল ০২.০০ ঘটিকায় Zoom Platform -এর মাধ্যমে অনুষ্ঠিত হবে। উল্লেখ্য যে, Zoom Meeting-এর Id ও Password ই-মেইলের মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

উক্ত সভায় যথাসময়ে সংযুক্ত থাকার জন্য অনুরোধ করা হলো।

**সভার আলোচ্যসূচীঃ**

১) প্রাণিসম্পদ অধিদপ্তরের আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার উপর ৩য় ত্রৈমাসিক প্রতিবেদনের অগ্রগতি।
২) বিবিধ।

৯/৪/২৩

ডাঃ মোঃ শাহিনুর আলম
পরিচালক (সম্প্রসারণ)
ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা,
জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা,
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।

**কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ-**

১) পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ রংপুর/ খুলনা/ বরিশাল/ সিলেট/ ময়মনসিংহ।
২) ডাঃ মোঃ মাহ্বুবুল আলম ভূঁঞা, উপপরিচালক, প্রশাসন, ও শুদ্ধাচার কর্মপরিকল্পনা বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৩) ড. হোসেন মোঃ সেলিম, প্রাণিসম্পদ পরিসংখ্যান কর্মকর্তা ও APA-SDG বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৪) জনাব মোঃ শামীম হোসেন, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লিভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং, রিজার্ভ পদ ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, আইসিটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৫) অফিস কপি।

**সদয় অবগতির জন্যঃ**

১) মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২) পরিচালক প্রশাসন, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dls.gov.bd

প্রাণিসম্পদ অধিদপ্তরের আওতাধীন দপ্তরসমূহের ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনার ৩য় কোয়ার্টারের (জানুয়ারি-মার্চ ২০২৩ পর্যন্ত) অগ্রগতি প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান সংক্রান্ত সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ডাঃ মোঃ শাহিনুর আলম<br>পরিচালক (সম্প্রসারণ) |
| সভার তারিখ | : | ১৬/০৪/২০২৩ খ্রিঃ |
| সভার সময় | : | বিকাল ২.০০ ঘটিকা |
| স্থান | : | পরিচালক সম্প্রসারণ মহোদয়ের কক্ষ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

অদ্য ১৬/০৪/২০২৩ খ্রিঃ তারিখে Zoom Meeting এর মাধ্যমে পরিচালক, সম্প্রসারণ মহোদয়ের সভাপতিত্বে প্রাণিসম্পদ অধিদপ্তরের ২০২২-২০২৩ অর্থবছরের APA আওতাধীন জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ৩য় কোয়ার্টারের (জানুয়ারি-মার্চ ২০২৩ পর্যন্ত) অগ্রগতি প্রতিবেদনের উপর ফিডব্যাক সভা আয়োজিত হয়। উক্ত সভায় বিভাগীয় পরিচালকগণ zoom প্লাটফর্ম-এ যুক্ত থেকে আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা 'পরিশিষ্ট-ক'-তে সংযুক্ত।

(ক) ফিডব্যাকঃ

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে বিভাগীয় দপ্তরসমূহের দাখিলকৃত ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনার ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ ২০২৩ পর্যন্ত) প্রতিবেদন পর্যালোচনা শেষে দপ্তরভিত্তিক শুদ্ধাচার বিষয়ক প্রতিটি কার্যক্রমের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনে ঘাটতিসমূহ আলোচনা করা হয়। এ ব্যাপারে বিভাগীয় দপ্তরসমূহও তাদের মতামত ব্যক্ত করেন।

(খ) সভার সিদ্ধান্তঃ

মাঠপর্যায়ের কার্যালয়সমূহের অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনার ২০২২-২৩-এর ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ ২০২৩ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১ | প্রাণিসম্পদ অধিদপ্তরের আওতাধীন ৮টি বিভাগীয় দপ্তরের ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনার ৪র্থ ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করার এবং সংশ্লিষ্ট ওয়েবসাইটের সেবা বক্সে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মাঠপর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচারের ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ২ | মাঠপর্যায়ের শুদ্ধাচার কর্মপরিকল্পনা সংক্রান্ত প্রতিটি সূচক শতভাগ অর্জন/বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | মাঠপর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচারের ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

অতঃপর সভায় আর কোনও আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৬/৪/২৩


(ডাঃ মোঃ শাহিনুর আলম)
পরিচালক (সম্প্রসারণ)
ও
শুদ্ধাচার কর্মপরিকল্পনা বিষয়ক
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।

কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ-

১) পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা।
২) পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, চট্টগ্রাম।
৩) পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী।
৪) পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রংপুর।
৫) পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, খুলনা।
৬) পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, বরিশাল।
৭) পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, সিলেট।
৮) পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ময়মনসিংহ।
৯) ডাঃ মোঃ মাহবুবুল আলম ভূঁঞা, উপপরিচালক, প্রশাসন ও শুদ্ধাচার কর্মপরিকল্পনা বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
১০) ড. হোসেন মোঃ সেলিম, প্রাণিসম্পদ পরিসংখ্যান কর্মকর্তা ও APA-SDG বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
১১) জনাব মোঃ শামীম হোসেন, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লিভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং, রিজার্ভ পদ ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, আইসিটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
১২) অফিস কপি।

সদয় অবগতির জন্যঃ

১) মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
২) পরিচালক, প্রশাসন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।


Participants (14)
Find a participant
Dr. Salim, DLS
R56674
A K M Humayun Kabir
Director, Dhaka Div
Director, Rajshahi
Director,DLS Mymensingh
dls12345DD Admin DLS
Dr Enamul Haque, Deputy Cheif...
Dr.Lutfur Rahman
Dr.Maruf Hassan, Director Sylhet
DR.MD.MOKHLESUR RAHMAN,...
Dr.Shahinur's iPhone
Activate Windows
Go to Settings to activate Windows.
Invite
Mute Me
102°F Haze
2:27 PM
4/16/2023

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেইট, ঢাকা-১২১৫।
www.dls.gov.bd

তারিখ: ১২ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
২৬ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৩৩.০১.০০০০.৭০০.৩২.০০৬.২১.৮৮৭

বিষয়: **বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত তথ্য প্রেরণ।**

সূত্র:
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রনালয়ের ১৪/১২/২০২১ তারিখের ৩৩.০০.০০০০.১৪৬.১৬.০০৬.২০-২০২ সংখ্যক স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন উন্নয়ন প্রকল্পসমূহের ২০২২-২৩ অর্থবছরের ক্রয় পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ, পিএসসি ও পিআইসি সভা এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন ব্যবস্থাপনা সংক্রান্ত এপ্রিল/২০২৩- জুন/২০২৩ পর্যন্ত (৪র্থ ত্রৈমাসিক) তথ্য নিম্নে উল্লেখিত ছক মোতাবেক প্রণয়ন করা হয়েছে। যা এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযোজনী-৪ : প্রাণিসম্পদ অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ (প্রকল্পের)

| কার্যক্রমের নাম | কর্ম সম্পাদন সূচক | একক | ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ,২০২২-২০২৩ | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | লক্ষ্যমাত্রা/অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ২.১ ২০২২-২৩ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ | ক্রয়- পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ৩১/০৭/২০২২ | লক্ষ্যমাত্রা | প্রকাশিত | - | - | - | |
| | | | | অর্জন | প্রকাশিত | - | - | - | |
| ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন(প্রকল্পের ক্রয় পরিকল্পনাসহ) | ক্রয় পরিকল্পনা বাস্তবায়িত | প্যাকেজ সংখ্যা | ২৪৪ টি | লক্ষমাত্রা | ১০% | ২৫% | ৭০% | ১০০% | |
| | | | | অর্জন | ২০ টি ১০.৫৩% | ৫৩ টি ২৭.৮৯% | ৯৪ টি (৪৯.৪৭%) | ২১২ টি (৮৬.৮৮) | |
| ২.৩ বাজেট বাস্তবায়ন | বাজেট বাস্তাবায়িত | লক্ষ টাকা | ১২৯৮৯৮.০০ (সংশোধিত) | লক্ষমাত্রা | ১০% | ২৫% | ৭০% | ১০০% | |
| | | | | অর্জন | ৮৭৭৮.৩২ ৬.৯৮% | -২৫৪২৯.৯৪ ২০.২১% | ৪৩১৮৩.১৪ (৩৩.৫৫%) | ৯৮৪৬২.২৩ (৭৫.৭৯%) | |
| ২.৪ প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা আয়োজন | সভা আয়োজিত | সংখ্যা | ৪০ | লক্ষমাত্রা | ১০ | ১০ | ১০ | ১০ | |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | অর্জন | ১১ | ১৩ | ১০ | ১০ | |

- উল্লেখ্য যে, প্রকল্পসমূহের বার্ষিক ক্রয় পরিকল্পনা সংশোধিত হওয়ায় সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় অন্তর্ভূক্ত প্যাকেজের বর্তমান সংখ্যা ২৪৪টি।

২৬-০৬-২০২৩
ডাঃ মোঃ হাবিবুর রহমান
চীফ, পরিকল্পনা ও মূল্যায়ন কোষ

উপপরিচালক, প্রশাসন শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর।

# প্রাণিসম্পদ অধিদপ্তরের বাজেট বাস্তবায়নঃ

| | ২০২২-২৩ অর্থবছরের বরাদ্দ | জুলাই/২০২২ হতে জুন/২০২৩ পর্যন্ত সম্ভাব্য ব্যয় | বাস্তবায়নের শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|---|
| পরিচালন | ৭০৮,২৭,৮০,০০০/- | ৬৭৮,২৬,৭১,০০০/- | ৯৫.৭৬% | |
| উন্নয়ন | ১২৯৮,৯৮,০০,০০০/- | ৯৮৪,৬২,২৩,০০০/- | ৭৫.৭৯% | সংশোধিত |
| মোট | ২০০৭২৫৮০০০০/- | ১৬৬২৮৮৯৪০০০/- | ৮২.৮৪% | |

২৬.৬.২০২৩

ড. মোঃ আবু সুফিয়ান
পরিচালক
হিসাব, বাজেট ও নিরীক্ষা
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

**"কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণ ও ভ্রূণ স্থানান্তর প্রযুক্তি বাস্তবায়ন প্রকল্প (৩য় পর্যায়, ২য় সংশোধিত)" এর আওতায় প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এর ১১তম সভার কার্যবিবরণীঃ-**

অদ্য ১৬/০৫/২০২৩ খ্রি. তারিখ বিকাল ৩:০০ ঘটিকায় "কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণ ও ভ্রূণ স্থানান্তর প্রযুক্তি বাস্তবায়ন (৩য় পর্যায়, ২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের পিআইসি এর ১১তম সভা প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালক, ডা. মোঃ এমদাদুল হক তালুকদার এর সভাপতিত্বে অধিদপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো-

২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি প্রকল্প পরিচালককে সভার আলোচ্যসূচী অনুযায়ী তাঁর পাওয়ার পয়েন্ট উপস্থাপনার জন্য আহবান করেন। প্রকল্প পরিচালক পাওয়ার পয়েন্ট উপস্থাপনায় উল্লেখ করেন যে, প্রকল্পটির ২য় সংশোধনির প্রশাসনিক আদেশ গত ০২ এপ্রিল ২০২৩ খ্রি. তারিখে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় হতে জারি করা হয়েছে। অত্র প্রকল্পে ২০২২-২৩ অর্থ বছরের আরএডিপিতে ৮৩৫৬.০০ লক্ষ টাকা বরাদ্দ ছিল যা পরবর্তীতে উপযোজনের মাধ্যমে ৫৮৪৭.০০ লক্ষ টাকা। জুলাই ২০২২ খ্রি. হতে এপ্রিল ২০২৩ খ্রি. পর্যন্ত ৩ কিস্তিতে ৮২৬৫.০০ লক্ষ টাকা ছাড় হয়েছে এবং এপ্রিল ২০২৩ খ্রি. পর্যন্ত ৩৬৯৩.৬৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে (অগ্রগতি ৪৪.৬৯%) । প্রকল্পের শুরু হতে এপ্রিল ২০২৩ খ্রি. পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ৩১৯১৮.৪১ লক্ষ টাকা (অগ্রগতি ৭৩.৭১%)। সভায় নিম্নলিখিত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনা ও সুপারিশ/সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। **আলোচনা ও সুপারিশ/সিদ্ধান্তঃ**

| ক্রমিক | আলোচনা | সুপারিশ/সিদ্ধান্ত |
|---|---|---|
| ১. | প্রকল্প পরিচালক ইতোমধ্যে প্রকল্প হতে হস্তান্তরকৃত স্থাপনাসমূহ ব্যবহার করার উদ্যোগ গ্রহণের জন্য তিনি সভাপতিকে অনুরোধ করেন। তিনি আরও জানান যে, হস্তান্তরকৃত স্থাপনাসমূহের বিদ্যুৎ বিল প্রকল্প দপ্তরে পাঠানো হচ্ছে। কিন্তু প্রকল্পে বিদ্যুৎ বিল পরিশোধের কোন বরাদ্দ না থাকায় পরিশোধ করা যাচ্ছে না। এমতাবস্থায়, উক্ত স্থাপনাসমূহের বিদ্যুৎ লাইন কেটে দেয়ার উপক্রম সৃষ্টি হয়েছে। তিনি সভাপতিকে রাজস্ব খাত হতে বিদ্যুৎ বিল পরিশোধের ব্যবস্থা করার জন্য অনুরোধ করেন। | প্রকল্প হতে হস্তান্তরকৃত স্থাপনাসমূহের জন্য কোড খোলার উদ্যোগ গ্রহণ করা হবে। |
| ২. | প্রকল্প পরিচালক সভাপতি মহেদয়ের দৃষ্টি আকর্ষণ করে জানান যে, চট্টগ্রাম ও ফরিদপুর বুল স্টেশনসমূহের সমস্ত যন্ত্রপাতি পাওয়া গেছে। তিনি, উক্ত দুটি বুল স্টেশন দ্রুত চালুর জন্য অর্গানোগ্রাম অনুযায়ী জনবল পদায়নের জন্য অনুরোধ করেন। | দ্রুত জনবল পদায়নের পদক্ষেপ গ্রহণ করা হবে। |
| ৩. | প্রকল্প পরিচালক সভাকে জানান যে, সিলেট কাফ রিয়ারিং ইউনিটটি পাহাড়ী এলাকা হওয়ায় মাটি ভরাট করার পর বৃষ্টি হলেই সম্পূর্ণ মাটি চলে যায়। এ ব্যাপারে তিনি সভাপতি মহোদয়কে সরেজমিন প্রকল্প এলাকা পরিদর্শন করতঃ পরামর্শ প্রদানের জন্য অনুরোধ করেন। | মহাপরিচালক সরেজমিন প্রকল্প এলাকা পরিদর্শন করবেন। |
| ৪. | সভার এ পর্যায়ে প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের আর মাত্র ১ বছর মেয়াদ থাকায় রিফ্রেশার্স ট্রেনিং জেলা পর্যায়ে আয়োজন করা প্রয়োজন। অন্যথায় প্রকল্পের লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে ট্রেনিং সম্পন্ন করা সম্ভব হবে না। | মহিষ উন্নয়ন প্রকল্পের ট্রেনিং সেন্টার পাওয়া না গেলে জেলায় ট্রেনিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০৫/২০২৩

(ডা. মোঃ এমদাদুল হক তালুকদার)
মহাপরিচালক
প্রাণিসম্পদ অধিদপ্তর ও
সভাপতি
প্রকল্প বাস্তবায়ন কমিটি
কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণ ও ভ্রূণ স্থানান্তর
প্রযুক্তি বাস্তবায়ন প্রকল্প (৩য় পর্যায়, ২য় সংশোধিত)

অদ্য ১৬/০৫/২০২৩ খ্রিঃ তারিখ, ---------- ঘটিকায় মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে প্রাণিসম্পদ অধিদপ্তরের সম্মেলন কক্ষ (ভবন-১,৩য় তলা),--কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণ ও ভ্রূণ স্থানান্তর প্রযুক্তি বাস্তবায়ন (৩য় পর্যায়)-- প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা ঃ

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবী | ফোন নং | ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | ডাঃ মোহাম্মদ রেয়াজুল হক<br>পরিচালক, প্রশাসন | 01712180607 | directoradmin@dls.gov.bd | |
| ২ | ডা. মো. হাবিবুর রহমান<br>[illegible] | | | |
| ৩ | ডাঃ মোঃ মোজাম্মেল হক<br>ডিএলও (C/B), [illegible] | 01712251996 | dr.hoque15@gmail.com | |
| ৪ | | | | |
| ৫ | ডা: মো: নাসিম উদ্দিন | 01793972991 | drnasimsailkupa@gmail.com | |
| ৬ | ডা. মোহাম্মদ বজলুর রহমান<br>উপপরিচালক | 01732762655 | mbozlur@gmail.com | |
| ৭ | ডা: মো: [illegible] হোসেন<br>ULO, PEC, DLS | | | |
| ৮ | নাঈমা আক্তার নিপা<br>RO, PEC, DLS | 01717750601 | naima_nipa@yahoo.com | |
| ৯ | | | | |
| ১০ | | | | |
| ১১ | | | | |
| ১২ | | | | |
| ১৩ | | | | |
| ১৪ | | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফামগেট, ঢাকা-১২১৫।

বিষয়: প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটি (Project Implementation Committee) সভার কাঁযবিবরণী।

সভাপতিঃ ডাঃ মোঃ এমদাদুল হক তালুকদার
মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
সভার তারিখঃ ১৬/০৫/২০২৩ খ্রিস্টাব্দ, বিকাল ৩.৩০ ঘটিকা
সভার স্থানঃ প্রাণিসম্পদ অধিদপ্তরের সম্মেলন কক্ষ।

**সভার আলোচ্যসূচী ঃ**

১| প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা
সভায় উপস্থিতির তালিকা- পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি আজকের সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সদস্য সচিব জনাব ডাঃ মোঃ হাবিবুর রহমান, চীফ, পরিকল্পনা ও মূল্যায়ন কোষ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকাকে অনুরোধ জানান। সদস্য সচিব সভাকে আলোচ্যসূচি জানিয়ে প্রকল্প পরিচালককে তাঁর বক্তব" উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

প্রকল্প পরিচালক জানান যে, প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্পটি ১১৭৪৯.০০ লক্ষ টাকা ব্যয়ে সম্পূণ জিওবি অথায়নে ০১/০১/২০২১ হতে ৩১/১২/২০২৪ ইং মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়েছে এবং ২০২২-২০২৩ অথ বছরের এডিপিতে ১১৭২.০০ লক্ষ টাকা এবং আরএডিপিতে ২৪২৬.০০ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে। প্রকল্পের অনুমোদিত ডিপিপির কতিপয় বিষয়ে কমিটি দৃষ্টি আকর্ষণ করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপিত বিষয় সমূহের উপর বিস্তারিত আলোচনার ভিত্তিতে সিদ্ধান্ত গৃহীত হয়। প্রকল্পের বাস্তবায়ন কমিটির পর্যবেক্ষণ ও সিদ্ধান্ত ছকপত্রে দেয়া হলো।

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ |
|---|---|---|---|
| ১ | ২০২২-২৩ অর্থ বছরের বরাদ্দ সংক্রান্ত। | প্রকল্প পরিচালক জানান যে আরএডিপিতে প্রাপ্ত বরাদ্দ সঠিকভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং জুন/২৩ এর মধ্যে সকল অর্থ ব্যয় করা সম্ভব হবে আশা করা যাচ্ছে। | জুন,২৩ এর মধ্যে শতভাগ এডিবি বাস্তবায়ন নিশ্চিত করার কার্যক্রম গ্রহণ করার জন্য বলা হয়। |
| ২ | প্রকল্প এলাকা পরিদর্শন ও মনিটরিং এর জন্য গাড়ী সরবরাহ করা সংক্রান্ত। | প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটি ৪৭৫টি উপজেলার সকল ইউনিয়নে কার্যক্রম রয়েছে। ইতিমধ্যে মাঠ পর্যায়ে প্রদর্শনী প্লট স্থাপনের জন্য বরাদ্দ প্রদান করা হয়েছে। প্রকল্পের কার্যক্রম পরিদর্শন ও মনিটরিং এর জন্য প্রকল্পে সংস্থানকৃত ২টি গাড়ী প্রকল্প বরাবরে বরাদ্দ প্রদান করা জরুরী। উল্লেখ্য যে, সমাপ্ত প্রাণিপুষ্টি উন্নয়ন ও প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের ২ (দুই) টি গাড়ী বর্তমান প্রকল্পে ব্যবহারের জন্য ডিপিপিতে উল্লেখ রয়েছে। যার মধ্যে ১ (এক) টি ডাবল কেবিন পিক আপ প্রকল্পে সরবরাহ পাওয়া গিয়েছে। | গাড়ী সরবরাহের বিষয়ে মহাপরিচালক মহোদয় কতৃক পরবর্তীতে কার্য়ক্রম গ্রহণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |

২৪/০৫/২০২৩

(ডাঃ মোঃ এমদাদুল হক তালুকদার)
মহাপরিচালক
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা
ও সভাপতি প্রকল্প বাস্তবায়ন কমিটি প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতে সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প
প্রাণিসম্পদ অধিদপ্তর , ঢাকা-১২১৫।
কৃষি খামার সড়ক, ফাম©গেট, ঢাকা-১২১৫।

২২/৫/২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রকল্প পরিচালকের কার্যালয়

প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প

প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা- ১২১৫।

## উপস্থিতির তালিকা

প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা এর আওতায় ২০২২-২৩ অর্থবছরে অদ্য ১৬-০৫-২০২৩খ্রিঃ তারিখ বিকাল ৩.৩০ ঘটিকায় কনফারেন্স রুম, প্রাণিসম্পদ অধিদপ্তর এ অনুষ্ঠিত **৩য় প্রকল্প বাস্তবায়ন কমিটি' (পিআইসি)** সভায় উপস্থিত সদস্যগণের তালিকাঃ

| ক্র: নং | নাম ও পদবী | উপস্থিত সদস্যগণের স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|
| ০১ | ডা: মো: রেয়াজুল হক<br>মহাপরিচালক, প্রাসঅ | [signature] |
| ০২ | ড. মো. হাবিবুর রহমান<br>উপ. পরিচালক | [signature] |
| ০৩ | | |
| ০৪ | | |
| ০৫ | | |
| ০৬ | মো: জিল্লুর রহমান<br>প্রকল্প পরিচালক, প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প | [signature] |
| ০৭ | ডা: মো: আহমদ রহমান<br>ULO, DLS, PEC | [signature] |
| ০৮ | ডা: মো: আনিসুজ্জামান<br>PD, DLS Capacity Strengthening Project | [signature] |
| ০৯ | নাইমা ভাওয়াল লিসা<br>PO, DLS | [signature] |

১৬/০৫/২০২৩ খ্রি: তারিখ সকাল ১১.৩০ ঘটিকায় অনুষ্ঠিত উপকূলীয় চরাঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প এর **Project Implementation Committee (PIC)** সভার কার্য বিবরণী।

অদ্য ১৬/০৫/২০২৩ খ্রি: তারিখ সকাল ১১.৩০ ঘটিকায় প্রাণিসম্পদ অধিদপ্তরের সম্মেলন কক্ষে "উপকূলীয় চরাঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প" এর Project Implementation Committee (PIC) সভা অনুষ্ঠিত হয়। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, উক্ত সভায় সভাপতিত্ব করেন (উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো)।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি প্রকল্প পরিচালককে সভার আলোচ্য সূচি উপস্থাপনের জন্য অনুরোধ জানান। প্রকল্প পরিচালক, প্রকল্পের অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য মাঠপর্যায়ে বাস্তবায়নের নিমিত্তে সার্বিক কার্যক্রম পরিচালনা করা হচ্ছে বলে উপস্থিত সকলকে অবহিত করেন। সভার নির্ধারিত বিষয় বিস্তারিত আলোচনা করে নিম্নে লিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ |
|---|---|---|---|
| | বিগত সভার সিদ্ধান্ত | ১। জুন, ২০২৩ এর প্রকল্প কার্যক্রম সমাপ্তকরণের লক্ষ্যে নির্ধারিত সময়ে ক্রয় কার্যক্রম সমাপ্ত করার লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে। | অগ্রগতি সন্তোষজনক |
| ১. | প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা | প্রকল্পটি ০১/০৭/২০১৮-৩০/০৬/২০২৩ ইং মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। এপ্রিল, ২০২৩ ইং পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে (আর্থিক অগ্রগতি – ৭৮.২০%, বাস্তব অগ্রগতি – ৮৮.০০%) টাকা। ২০২২-২০২৩ অর্থবছরে বরাদ্দ হয়েছে ৬০২১.০০ লক্ষ টাকা। অর্থছাড় হয়েছে ৬০২১.০০ লক্ষ টাকা। এপ্রিল, ২০২৩ ইং পর্যন্ত ব্যয় হয়েছে ৩৬৮৫.৭০ লক্ষ টাকা (৬১.২১%)। উল্লেখ্য জুন, ২০২৩ ইং এর মধ্যে প্রকল্প কার্যক্রম সমাপ্তের লক্ষ্যে অতিরিক্ত অর্থ বরাদ্দ করা হয়েছে । | প্রকল্পের শুরু থেকে শেষ পর্যন্ত প্রত্যেক ইউনিয়ন থেকে সফল সুফলভোগী/কৃষক বাছাই করতে হবে এবং পুরস্কার প্রদানের ব্যবস্থা করতে হবে। |
| ২. | প্রকল্প মনিটরিং জোরদারকরণ | জুন, ২০২৩ এর মধ্যে প্রকল্প কার্যক্রম সমাপ্তের লক্ষ্যে দ্রুততম সময়ের মধ্যে যাবতীয় ক্রয় কার্যক্রম সমাপ্ত করতে হবে। | দ্রুততম সময়ে যাবতীয় ক্রয় কার্যক্রম সমাপ্ত করতে হবে। |

(স্বাক্ষরিত)

(ডাঃ মোঃ এমদাদুল হক তালুকদার)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
ও
সভাপতি, প্রকল্প বাস্তবায়ন কমিটি
উপকূলীয় চরাঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প।

সংযুক্তি :

১. পিআইসি সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা, পৃষ্ঠা: ১-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।

## হাওর অঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন (১ম সংশোধিত) প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটি Project Implementation Committee (PIC) সভার কার্যবিবরণী।

সভাপতিঃ ডাঃ মো: এমদাদুল হক তালুকদার
মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
সভার তারিখঃ ১৬/০৫/২০২৩ খ্রিস্টাব্দ, বিকাল ৩.০০ ঘটিকা
সভার স্থানঃ প্রাণিসম্পদ অধিদপ্তরের সম্মেলন কক্ষ।

সভার আলোচ্যসুচি:
১। প্রকল্প বাস্তবায়ন কমিটির বিগত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা
২। প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা
৩। বিবিধ

সভায় উপস্থিতির তালিকা- পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভার শুরুতে সভাপতি সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি আজকের সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সদস্য সচিব জনাব ডা: মো: হাবিবুর রহমান, চীফ, পরিকল্পনা ও মূল্যায়ণ কোষ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকাকে অনুরোধ জানান। সদস্য সচিব সভাকে আলোচ্যসূচি জানিয়ে প্রকল্প পরিচালককে তাঁর বক্তব্য উপস্থাপনের অনুরোধ করেন।

প্রকল্প পরিচালক জানান যে, হাওর অঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন (১ম সংশোধিত) প্রকল্পটি ১১৮১৩.০০ লক্ষ টাকা ব্যয়ে সম্পূর্ন জিওবি অর্থায়নে ০১/০৩/২০২০-৩০/০৬/২০২৪ খ্রিস্টাব্দ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়েছে এবং প্রকল্প পরিচালক প্রকল্পের উদ্দেশ্যে ও প্রধান প্রধান কার্যক্রম উল্লেখ করে বলেন ২০২২-২০২৩ অর্থবছরে অত্র প্রকল্পের অনুকুলে এডিপি'তে ২৭৯১.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে এবং এপ্রিল/২৩ পর্যন্ত ছাড়কৃত অর্থের পরিমান ২৩৭২.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ১৭২৫.০০ লক্ষ টাকা যাহা ছাড়কৃত অর্থের ৭২%। অত্র প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ৩০২৫.০০ লক্ষ টাকা যাহা প্রাক্কলিত ব্যয়ের ২৫%। অত্র প্রকল্পের বাস্তব অগ্রগতি ও এডিপি/আরএডিপিতে বরাদ্দসহ কতিপয় বিষয়ে প্রকল্প বাস্তবায়ন কমিটি দৃষ্টি আকর্ষন করেন । সভায় আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপিত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনার ভিত্তিতে সিদ্ধান্ত গৃহীত হয়। প্রকল্প বাস্তবায়ন কমিটির পর্যবেক্ষণ ও সিদ্ধান্ত ছকপত্রে দেয়া হলো।

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ |
|---|---|---|---|
| ১। | প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা | হাওর অঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন (১ম সংশোধিত) প্রকল্পের এপ্রিল/২৩ পর্যন্ত বাস্তব অগ্রগতি;<br>➢ ৩৮ জন লাইভস্টক ফিল্ড ফ্যাসিলিটের (LFF), ১ জন অফিস সহায়ক ও বেজলাইন সার্ভে প্রতিষ্ঠান নিয়োগ ও কার্যক্রম সম্পন্ন হয়ছে।<br>➢ বেইজলাইন সার্ভের মাধ্যমে সুফলভোগী নির্বাচন ও গ্রুপ গঠন কার্যক্রম শেষ হয়েছে।<br>➢ ৫টি সরকারী হাসঁ-মুরগি খামারের মেরামত কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br>➢ ৫৩টি উপজেলায় ৩৩৮ জন LFF ৫দিনের দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।<br>➢ কর্মশালা: ১৫০ জনের ১ দিনের সম্পন্ন হয়েছে (প্রতি জেলায় ২৫ জনের ১দিন)।<br>➢ আটটি প্যাকেজের খামারীদের জন্য "প্রাণিসম্পদ প্রযুক্তি ম্যানুয়েল" বিতরন সম্পন্ন হয়েছে।<br>➢ মুরগি পালন প্যাকেজে ৭৩০০ জন সুফলভোগীদের ৩দিনের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।<br>➢ ভেড়া পালন প্যাকেজে ৪০৫০ জন সুফলভোগীদের ৩দিনের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। | হাওর অঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন (১ম সংশোধিত) প্রকল্পের কার্যক্রম ইতিবাচক থাকায় কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তাবায়িত হওয়ায় সার্বিক অগ্রগতিতে সভাপতি মহোদয় সন্তোষ প্রকাশ করেন। |

| | | | |
|---|---|---|---|
| | | ➢ মুরগি পালন প্যাকেজে ১৩৩৮৩০ টি সোনালী মুরগি, ৯৭৭২টি ঘর, ৩৭২৯০০ কেজি খাদ্য, কৃমিনাশক ও ভিটামিন মিনারেল বিতরণ চলমান রয়েছে।<br>➢ ভেড়া পালন প্যাকেজ ৬১৯০ টি ভেড়ী, কৃমিনাশক ও ভিটামিন মিনারেল বিতরণ চলমান রয়েছে।<br>➢ ছাগল পালন প্যাকেজে ছাগী বিতরন শুরু হয়েছে। কৃমিনাশক ও ভিটামিন মিনারেল বিতরণ চলমান রয়েছে।<br>➢ হাঁস পালন প্যাকেজে হাঁস, হাঁসের ঘর, হাঁসের খাদ্য বিতরন শুরু হয়েছে। কৃমিনাশক ও ভিটামিন মিনারেল বিতরণ চলমান রয়েছে।<br>➢ ভ্যাকসিনেটর প্যাকেজে কিশোরগঞ্জের অস্টগ্রাম মিঠামইন, ইটনা ও ব্রাক্ষণবাড়িয়া জেলার নাছিরনগর উপজেলার ৫৪ জন সুফলভোগীদের ৩দিনের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।<br>➢ কিশোরগঞ্জের অস্টগ্রামে ৫০ জন পনির উৎপাদনকারী সুফলভোগীদের ৩দিনের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। | |
| ২। | প্যাকেজ ভিত্তিক কর্ম পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন | প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্যাকেজ অনুদানের ধরনগুলি সামঞ্জ্যপূর্ণ থাকায় বাস্তবমুখী কর্মসম্পাদনের নিমিত্তে নির্বাচিত সুফলভোগী পরিবারের মাঝে প্যাকেজ ভিত্তিক কর্ম পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে এবং সে অনুযায়ী উপকরনসমুহ বিতরন করা হচ্ছে। সভাপতি মহোদয় এই অর্থবছরের উপকরন বিতরন কার্যক্রম সম্পন্ন করার উপর তাগিদ দেন। | প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের স্বার্থে প্যাকেজ ভিত্তিক কর্ম পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে সম্পন্ন করার সিদ্ধান্ত গ্রহীত হয়। |
| ৩। | এডিপি/আরএডিপিতে বরাদ্দ প্রাপ্তি ও বাস্তবায়ন | প্রকল্পের বাস্তবায়নকাল ইতোমধ্যে ৩ বছর ২ মাস শেষ হয়েছে, যাহা প্রাক্কলিত মেয়াদের ৭৩%। এমতাবস্থায় আরএডিপিতে বরাদ্দ বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। সুতরাং প্রকল্পের উদ্দেশ্যে সমূহ যথাযথভাবে বাস্তবায়নের নিরিখে প্রকল্পের প্যাকেজ ভিত্তিক কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার উপরে গুরুত্বারোপ করা হয়। | ২০২২-২৩ অর্থবছরের আরএডিপিতে বরাদ্দকৃত অর্থ সুস্থুভাবে ও যথাসময়ে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৬/০৫/২০২৩

(ডাঃ মো: এমদাদুল হক তালুকদার)
মহাপরিচালক
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
ও
সভাপতি, প্রকল্প বাস্তবায়ন কমিটি
হাওর অঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প।

২৬/৫/২০২৩

**“সিলেট, লালমনিরহাট/কুড়িগ্রাম এবং বরিশাল ইনষ্টিটিউট অব লাইভষ্টক সায়েন্স এন্ড টেকনোলজি স্থাপন প্রকল্প (১ম সংশোধিত)” এর আওতায় Project Implementation Committee (PIC) এর ৮ম সভার কার্যবিবরণী**

অদ্য ১৬/০৫/২০২৩ খ্রি. তারিখ বিকাল ৩:০০ ঘটিকায় “সিলেট, লালমনিরহাট/কুড়িগ্রাম এবং বরিশাল ইনষ্টিটিউট অব লাইভষ্টক সায়েন্স এন্ড টেকনোলজি স্থাপন (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের Project Implementation Committee (PIC) এর ৮ম সভা প্রাণিসম্পদ অধিদপ্তরের পরিচালক, প্রশাসন ডাঃ মোঃ এমদাদুল হক তালুকদার মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট ‘ক’ তে দেখানো হলো-

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয় প্রকল্প পরিচালককে সভার আলোচ্যসূচী অনুযায়ী তাঁর পাওয়ার পয়েন্ট উপস্থাপনার জন্য আহবান করেন। প্রকল্প পরিচালক পাওয়ার পয়েন্ট উপস্থাপনায় উল্লেখ করেন যে, প্রকল্পটি ০১/০১/২০২০ ইং হতে ৩১/১২/২০২৩ ইং মেয়াদে সম্পূর্ণ জিওবি অর্থায়নে মোট ১৯১৩৮.০০ লক্ষ টাকা ব্যয়ে বাস্তবায়িত হচ্ছে। অত্র প্রকল্পে ২০২২-২৩ অর্থ বছরের আরএডিপিতে ৫৫০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে এবং এপ্রিল/২০২৩ খ্রি. পর্যন্ত ৩২৪৮.৬৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে (ছাড়কৃত অর্থের ৬৯.৪৯%)। প্রকল্পের শুরু হতে এপ্রিল/২০২৩খ্রি. পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ৫৪৯৯.৪৪ লক্ষ টাকা (অগ্রগতি ২৮.৭৩%)। সভায় নিম্নলিখিত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনা ও সুপারিশ/সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচনা ও সুপারিশ/সিদ্ধান্তঃ**

| ক্রমিক নং | আলোচনা | সুপারিশ/সিদ্ধান্ত |
|---|---|---|
| ১. | প্রকল্প পরিচালক সভাকে জানান যে, গত মে/২০২২ সালে বরিশাল ইনস্টিটিউট অব লাইভস্টক সায়েন্স এ্যান্ড টেকনোলজি স্থাপনে নির্মাণ কাজ শুরু হয়। কার্যক্রম চলা অবস্থায় গত ৩০শে জুলাই/২০২২ সালে মাননীয় মেয়র, বরিশাল সিটি কর্পোরেশন মহোদয় নির্মাণ কাজ বন্ধ করেন। অদ্যাবধি কার্যক্রম বন্ধ রয়েছে। এহেন পরিস্থিতিতে ফেব্রুয়ারি/২০২২ সালে প্রদানকৃত কার্যাদেশ অনুযায়ী বন্দোবস্তকৃত জমিতে নির্মাণ কাজ চালু করা ও পিডব্লিউডি রেট সিডিউল ২০১৮ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ এবং পূর্বের দরপত্র বাতিল পূর্বক নতুন করে দরপত্র আহবান অথবা অন্যত্র নতুন স্থান নির্বাচন করে নির্মাণ কাজ শুরু করার প্রক্রিয়া বিষয়ে সভাকে অবহিত করেন।<br><br>এখানে উল্লেখ্য, বরিশাল ইনস্টিটিউট অব লাইভস্টক সায়েন্স এ্যান্ড টেকনোলজি স্থাপনে নতুন স্থান নির্বাচন, পুরাতন স্থানে কাজের পরিমান নির্ধারণ ও ব্যয়িত অর্থের যথার্থতা মূল্যায়ন এবং প্রকল্প সংশোধনের প্রয়োজনীয়তা নির্ধারনের জন্য মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় গত ২৮/০২/২০২৩ তারিখে একটি কমিটি গঠন করেন। উক্ত কমিটি গত ০২/০৪/২০২৩ তারিখে সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বরাবর প্রতিবেদন দাখিল করেন। | বিস্তারিত আলোচনান্তে বরিশাল ইনস্টিটিউট অব লাইভস্টক সায়েন্স এ্যান্ড টেকনোলজি’র বিষয়ে প্রকল্প ষ্টিয়ারিং কমিটির সভায় উত্থাপন করার সিদ্ধান্ত গৃহিত হয়। |

২৯/০৫/২০২৩

(ডাঃ মোঃ এমদাদুল হক তালুকদার)
মহাপরিচালক
প্রাণিসম্পদ অধিদপ্তর
ও
সভাপতি
প্রকল্প বাস্তবায়ন কমিটি
সিলেট, লালমনিরহাট/কুড়িগ্রাম এবং বরিশাল ইনষ্টিটিউট
অব লাইভষ্টক সায়েন্স এন্ড টেকনোলজি স্থাপন প্রকল্প (১ম সংশোধিত)।

১৬/০৫/২০২৩ ইং তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় প্রাণিসম্পদ অধিদপ্তরের সম্মেলন কক্ষে সিলেট, লালমনিরহাট/কুড়িগ্রাম এবং বরিশাল ইনস্টিটিউট অব লাইভস্টক সায়েন্স এন্ড টেকনোলজি স্থাপন প্রকল্পের

**Project Implementation Committee (PIC)** এর ৮ম সভায়

উপস্থিত সম্মানীত সদস্যগণের তালিকা ঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১। | ডা. [illegible]<br>[illegible] | [signature] |
| ২। | ডা. মো. হাবিবুর রহমান<br>[illegible] | [signature] |
| ৩। | ডা: মো: জাহাঙ্গীর আলম<br>প্রকল্প পরিচালক | [signature] |
| ৪। | | |
| ৫। | | |
| ৬। | ডা: [illegible]<br>ULO, PEC, DLS | [signature] |
| ৭। | [illegible]<br>PD, PEC, DLS | [signature] |
| ৮। | ডা: মো: [illegible]<br>[illegible] (L/R) DLS | [signature] |
| ৯। | ডা: মো: আবদুল্লাহ<br>DPD, ILST Project | [signature] |
| ১০। | ডা: মো: [illegible]<br>PD, DLS Strengthening Project | [signature] |
| ১১। | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)
প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষিখামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
http//: lddp.portal.gov.bd

বিষয়ঃ প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভার কার্যবিবরণী

সভাপতিঃ ডা. মো. এমদাদুল হক তালুকদার, মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর।

সভার স্থানঃ সম্মেলন কক্ষ (৩য় তলা), প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।

তারিখ ও সময়ঃ ১৬/০৫/২০২৩খ্রি., রোজ মঙ্গলবার বিকাল ৩.৩০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে অদ্যকার ৯ম পিআইসি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমোতিক্রমে সভার সদস্য-সচিব ডা. মো. হাবিবুর রহমান, চীফ, পরিকল্পনা ও মূল্যায়ন কোষ (পিইসি) "প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন" শীর্ষক প্রকল্পের উদ্দেশ্য, কার্যক্রম ও বর্তমান সময় পর্যন্ত অগ্রগতি উল্লেখ করে বলেন, ৫-বছর মেয়াদি প্রকল্পটি ইতোমধ্যে ৪-বছর ৪-মাস অতিক্রম করেছে, প্রাক্কলিত ব্যয় ৪২৮০.৩৬৪৮ কোটি টাকার (জিওবি-৩৯৪.৬৩৪২ কোটি টাকা = বিশ্বব্যাংকের ঋণ সহায়তা ৩৮৮৫.৭৩০৭ কোটি টাকা) মধ্যে এ পর্যন্ত ব্যয় হয়েছে ১৭২৬.৫৬১১ কোটি টাকা যা প্রাক্কলিত ব্যয়ের ৪০.৩৩%। চলতি ২০২২-২০২৩ অর্থবছরে ৩৭৮.৫৯ কোটি টাকা ছাড়কৃত বরাদ্দের মধ্যে ইতোমধ্যে ব্যয় হয়েছে ২৭৪.৪২১০ কোটি টাকা, যা বরাদ্দের ৭২.৪৮%।

২। পরবর্তীতে, পিআইসি সভার সভাপতির অনুরোধক্রমে প্রকল্প দপ্তরের পক্ষ হতে উপ-প্রকল্প পরিচালক ড. এ বি এম মুস্তানুর রহমানকে বিগত ৮ম পিআইসি সভার সিদ্ধান্তের আলোকে গৃহীত পদক্ষেপ, অদ্যকার সভার আলোচ্যসূচি অনুযায়ী প্রকল্পের অগ্রগতি এবং অন্যান্য অগ্রগতি সভায় উপস্থাপন করেন। অতঃপর ড. মুস্তানুর সভায় জানান বিগত ২৭/০৩/২০২৩খ্রি. অনুষ্ঠিত ৮ম পিআইসি সভার সিদ্ধান্তের আলোকে প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত পদক্ষেপঃ

| সিদ্ধান্ত নং | সিদ্ধান্ত | প্রকল্প কর্তৃক গৃহীত ব্যবস্থা |
|---|---|---|
| ০১ | প্রডিউসার গ্রুপ (পিজি) সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদনে আরও জোর দিতে হবে; | মোট ৫৫০০টি পিজি (৩২৬৬টি ডেইরি, ১২৫টি মহিষ ডেইরি, ৬৫৭টি বিফ ফ্যাটেনিং, ৩৯৭ টি ছাগল, ৮৬টি ভেড়া, ৭৬৬টি স্কাভেনজিং চিকেন, ১৯০টি ডাঁক/হাঁস, ২টি কোয়েল ও ১১টি কবুতর পিজি) গঠিত হয়েছে। সকল পিজি কেন্দ্রিক এলএফএফএস গঠিত হয়েছে। নিয়মিত পিজির মাসিক সভা এবং সকল সদস্য সঞ্চয় জমা আরম্ভ করেছে। নিয়মিত প্রশিক্ষণ চলমান। |
| ০২ | বিসিএস লাইভস্টক একাডেমিতে ৭ম তলা ডরমেটরি ভবন নির্মাণের ক্ষেত্রে পিএসসি'র অনুমোদন সাপেক্ষে নতুন রেট সিডিউল অনুযায়ী দরপত্র আহবান করা যেতে পারে, | PWD Rate schedule-2022 অনুযায়ী দরপত্র আহবান করা হয়েছে এবং সংশোধিত ডিপিপিতে অন্তর্ভূক্ত করা হয়েছে; |

| সিদ্ধান্ত নং | সিদ্ধান্ত | প্রকল্প কর্তৃক গৃহীত ব্যবস্থা |
|---|---|---|
| | যা পরবর্তীতে সংশোধিত ডিপিপি অন্তর্ভূক্ত করতে হবে; | |
| ০৩ | স্লটার হাউজ নির্মাণ সংক্রান্ত প্যাকেজগুলো স্পিল্ট/বিভাজন করা হলেও ডিপিপিতে উল্লিখিত মূল অনুমোদনকারী কর্তৃপক্ষ অপরিবর্তিত থাকবে; | স্লটার হাউজ নির্মাণ সংক্রান্ত প্যাকেজগুলো স্পিল্ট/বিভাজন করা হলেও ডিপিপিতে উল্লিখিত মূল অনুমোদনকারী কর্তৃপক্ষ অপরিবর্তিত রাখা হয়েছে; |
| ০৪ | ম্যাচিং গ্রান্টের আওতায় প্রাপ্ত আবেদনগুলো মূল্যায়ন দ্রুত সম্পন্ন করতে হবে এবং বিজনেস প্লান আহ্বান করতে হবে। | • ম্যাচিং গ্রান্টের আওতায় প্রাপ্ত মোট ৮টি ক্যাটাগরিতে উদ্যোক্তা তৈরীতে কার্যক্রম শুরু হয়েছে;<br>• জিআরসি'র মূল্যায়ন তিনটি ক্যাটাগরিতে (রাফেজ বেলিং, স্মল-স্কেল ফিড মিলার ও মার্কেট ওরিয়েন্টড ফিডস অ্যান্ড ফডার) মোট ২৬ জন উদ্যোক্তার চূড়ান্ত অনুমোদন পাওয়া গিয়েছে<br>• ডেইরি হাবস্ এবং ভিএমসিসি ক্যাটাগরিতে বিজনেস প্রোপোজাল ওরিয়েন্টটেশন করানো হবে; |
| ০৫ | ক্রয় কাজসহ সকল কাজের অগ্রগতি লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পন্ন করতে হবে; | প্রকল্প'র আওতায় চলতি ২০২২-২০২৩ অর্থবছরের জন্য নির্ধারিত কাজ লক্ষমাত্রা অনুযায়ী বাস্তবায়িত হচ্ছে। |

**৩। আলোচ্যসূচী অনুযায়ী আলোচনা:**

**১. প্রকল্পের আর্থিক ও ক্রয় অগ্রগতি পর্যালোচনা**

(ক) ডিপিডি ড. মুস্তানুর রহমান সভাকে অবহিত করেন যে, ২০২২-২০২৩ অর্থবছরের আরএডিপিতে বরাদ্দ ৭০৭০০.০০ লক্ষ টাকা (জিওবি-৬১০০.০০ + প্রকল্প সাহায্য-৬৪৬০০.০০ লক্ষ টাকা)। চলতি ২০২২-২০২৩ অর্থবছরে মে/২০২৩খ্রি. পর্যন্ত ছাড়কৃত বরাদ্দ ৩৭৮৫৯.০০ লক্ষ টাকা (জিওবি + আরপিএ) এবং ইতোমধ্যে ব্যয় হয়েছে ২৭৪৪২.১০ লক্ষ টাকা, যা ছাড়কৃত বরাদ্দের ৭২.৪৮%।

(খ) প্রকল্পের ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতির সম্পর্কে সভাকে অবহিত করা হয় যে ২০২২-২৩ অর্থ বছরের মোট ৮৬টি প্যাকেজে (পণ্য-২৭টি + পূর্ত-৫৪টি + সেবা-০৫টি) ক্রয় কাজের জন্য ৬২৭০১.৯১ লক্ষ টাকার ক্রয় পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। যার মধ্যে মে/২০২৩খ্রি. পর্যন্ত মোট ৭৬টি প্যাকেজের (পণ্য-২৪টি + পূর্ত-৪৯টি + সেবা-০৩টি) দরপত্র আহ্বান সম্পন্ হয়েছে, তন্মধ্যে ৪৯টি প্যাকেজের চুক্তিপত্র স্বাক্ষর, ১০টি প্যাকেজ মূল্যায়ন পর্যায়ে, ১৩টি ইজিপি লাইভে এবং অবশিষ্ট ০৯টি ক্রয় প্রক্রিয়াকরণ পর্যায়ে রয়েছে। সভাপতি এ পর্যায়ে ক্রয় কাজে অগ্রগতি আরও ত্বরান্বিত করার জন্য এবং ক্রয় কাজে বরাদ্দকৃত অর্থ শতভাগ ব্যয় করার নির্দেশনা প্রদান করেন।

**২. প্রকল্পের ভৌত কাজের অগ্রগতি পর্যালোচনা**

**ক. উৎপাদনশীলতা বৃদ্ধি ও সৃজনশীল উল্লেখযোগ্য কাজ:**

(১) ভ্যালু চেইন ভিত্তিক ৫৫০০টি প্রোডিউসার গ্রুপ (পিজি) গঠন সম্পন্ন প্রতিটি পিজির জন্য আলাদা আলাদা ব্যাংক হিসাব খোলা হয়েছে। এই সকল পিজিকে কেন্দ্র করে ৫৫০০টি লাইভস্টক ফার্মাস ফিল্ড স্কুল (এলএফএফএস) প্রতিষ্ঠা করা হয়েছে। বর্তমানে মাঠ পর্যায়ে প্রতিটি ভ্যালু চেইনভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রম চলমান।

(২) প্রকল্প এলাকাভূক্ত ৪৬৫টি উপজেলায় ০১টি করে সৃজনশীল খামারীর জন্য প্রর্দশনী খামার স্থাপনের লক্ষমাত্রা অনুযায়ী প্রদর্শনী খামার নির্মাণ কার্যক্রম চলমান।

(৩) এফএমডি ভ্যাকসিনেশন কার্যক্রম চলমান। ইতোমধ্যে ২০৭৪২৯জন খামারির ১১৭৪১৫৯টি গবাদিপশুকে ভ্যাকসিন প্রদান করা হয়েছে।

(৪) ৪৬৬টি উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল ক্যাম্পাসের উন্নত জাতের ঘাস উৎপাদন নার্সারী স্থাপন করা হয়েছে।

(৫) গোবর ব্যবস্থাপনায় ৪৮টি প্রদর্শনী কেন্দ্র স্থাপন ও বায়োগ্যাস উৎপাদনে ৪৬টি খামারে অত্যাধুনিক যন্ত্রপাতি সরবরাহে খামারি নির্বাচন কার্যক্রম চলমান।

(৬) কৃমিনাশক ক্যাম্পেইনের মাধ্যমে গবাদিপশুর কৃমি দমন কার্যক্রমের অংশ হিসেবে ইতোমধ্যে ৩,৬২,৫২৫টি পরিবারের ২২,৪৫,৭১০টি গবাদিপশুকে কৃমিমাশক খাওয়ানো হয়েছে। সুবিধাভোগীর ৪৯% মহিলা ও ৫১% পুরুষ।

(৭) প্রকল্প এলাকাভূক্ত উপজেলায় উদ্ভাবনী খামারিদের জন্য ০১টি করে Climate Resilient roof top house (for 5 & 10 cows) খামার নির্মাণ কার্যক্রম হাতে নেওয়া হয়েছে।

**খ. বাজার সংযোগ ও মূল্য শৃঙ্খল ব্যবস্থা উন্নয়নে উল্লেখ্যযোগ্য কাজ:**

১) জেলা পর্যায়ে ১৮টি মানসম্মত পশু জবাইখানা নির্মাণের লক্ষ্যে ১৪টি জেলায় স্থান চূড়ান্ত হয়েছে। ইতিমধ্যে ৭টি জেলায় কসাইখান নির্মাণের লক্ষ্যে ঠিকাদারদের সংগে চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

